

...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র অধিদপ্তর

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার,

ঢাকা-১২১৫।

www.dot.gov.bd



স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৬.৯৯.৭৩০.২১.৩৮০

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯

০৬ ডিসেম্বর ২০২২

বিষয়: এসলাইট গার্মেন্টস (বাংলাদেশ) কোং লিঃ, নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরাসরি প্রেরিত **Sewing Machine** ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর সুপারিশ প্রেরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের ২৯/১১/২০২২খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এসলাইট গার্মেন্টস (বাংলাদেশ) কোং লিঃ, জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী রেজিস্ট্রেশন প্রাপ্ত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন নং- আরএমজি/ইএক্সপি/০০০৮৩০-২১, তাং-২১/০৯/২০২১। কোম্পানীটির মালিক বিদেশী উদ্যোক্তা হওয়ায় প্রতিষ্ঠানটির নামে কিছু **Sewing Machine FREE OF COST** এর আওতায় সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড়করণের অপেক্ষায় ঢাকা কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত **Sewing Machine** ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানার মালিকপক্ষ বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে সরাসরি প্রেরিত **Sewing Machine** ইনভয়েস নং-ZJ22-X14, Date:16/11/2022, বিএল নং-LNBCGP22111704, Date: 23/11/2022 যার ইনভয়েস মূল্য-25,450.00 ইউএসডলার দাখিল করেছেন। প্রেরিত 25,450.00 কারখানার অবস্থান: জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিকপক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে কারখানার নামে সরাসরি প্রেরিত **Sewing Machine** খালাস করার লক্ষ্যে কাষ্টমস কর্তৃপক্ষের বিদ্যমান নীতিমালা আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে এবং সংশ্লিষ্ট এস.আর.ও মোতাবেক প্রয়োজনীয় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইম্পোর্ট পারমিট (আই. পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

৬-১২-২০২২

মহাদেব কুমার দেবনাথ

উপ-পরিচালক

ফোন: +৮৮০২-৪৮১১৮৬৯২

ফ্যাক্স: ০২-৯১১৩৫৪৫

ইমেইল: dg@dot.gov.bd

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা
৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৬.৯৯.৭৩০.২১.৩৮০/১(৩)

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯
০৬ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।

২) মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

৩) ব্যবস্থাপনা পরিচালক, এসলাইট গার্মেন্টস (বাংলাদেশ) কোং লিঃ, জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ।



৬-১২-২০২২

মহাদেব কুমার দেবনাথ
উপ-পরিচালক